



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/একা-৪১/ফা.ভর্তি/২০১৮/০০০৪৯৪

তারিখ: ২৪/০১/২০২৪
২৬ জানুয়ারি ২০২৪ খ্রীঃাব্দ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ফাজিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল স্নাতক (পাস) শ্রেণিতে পাঠদানকারী মাদরাসাসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আত্রহী প্রার্থীরা ফাজিল স্নাতক (পাস) ১ম বর্ষে ১৭.০১.২০২৪ খ্রি. তারিখ হতে ১৮.০৩.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত এবং বিলম্ব ফি' সহ ১৯.০৩.২০২৪ খ্রি. তারিখ হতে ২১.০৪.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট মাদরাসাসমূহে ভর্তি হতে পারবে। ভর্তির কার্যক্রম সমাপ্তির সাথে সাথে পাঠদান শুরু হবে।

১। ভর্তি ও রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি' জমাদানের নিয়মাবলী :

- (ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' ১৯.০৩.২০২৪ তারিখ থেকে ২৪.০৩.২০২৪ তারিখের মধ্যে Payslip ডাউনলোড পূর্বক অত্রনী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান করতে হবে।
- (খ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' ২২.৪.২০২৪ খ্রি. তারিখ থেকে ২৩.০৪.২০২৪ খ্রি. তারিখের মধ্যে Payslip ডাউনলোড পূর্বক অত্রনী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান করতে হবে।

২। ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্তে প্রতিটি মাদরাসায় নিম্নরূপ একটি করে কমিটি গঠন করা হলো:

১	অধ্যক্ষ	আহবায়ক
২	একজন শিক্ষক প্রতিনিধি (গভর্নিং বডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারি মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক)	সদস্য
৩	ফাজিল পর্যায়ে একজন শিক্ষক (প্রভাষক/সহকারী অধ্যাপক) অধ্যক্ষ কর্তৃক মনোনীত	সদস্য

৩। ফাজিল (স্নাতক) পাস শ্রেণিতে ভর্তির যোগ্যতা :

২০২২/২০২৩ সনে আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ ফাজিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন (২০২২ সালে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের শিক্ষাবিরতি ফি' দিতে হবে)। প্রাথমিক পাঠদানের অনুমতিবিহীন / অনুমতির মেয়াদ উত্তীর্ণ অথবা অধিভুক্তি বাতিলকৃত মাদরাসাসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

৭। সাধারণ শর্তাবলীঃ

- (ক) যে সকল শিক্ষার্থীর শিক্ষা বিরতি আছে ও যারা বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম eSIF লিস্টে লাল কালি দিয়ে চিহ্নিত করতে হবে।
- (খ) ছাত্র ও ছাত্রীর সংখ্যা আলাদা ভাবে উল্লেখ করতে হবে।
- (গ) প্রাথমিক পাঠদানের নতুন অনুমতিপ্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সাথে সংযুক্ত করতে হবে।
- (ঘ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ফাজিল স্নাতক (পাস) শ্রেণিতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের সদ্য উঠানো পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি (টুপি/ওড়না পরিহিত রঙিন) ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।
- (ঙ) আলিম/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্র ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রীদের ভর্তি করা যাবে না।
- (চ) ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল/সমমান পরীক্ষার অনুরূপ হতে হবে।
- (ছ) উল্লেখ্য, অনলাইন রেজিস্ট্রেশনের সময় ঝাপসা বা অন্য কোন ছবি দেয়া যাবে না ও নির্ধারিত তারিখের পর কোন ছাত্র-ছাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ প্রদান করা হবে না।

যোগাযোগের জন্য
০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ (আইসিটি শাখা)

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

16.01.2024
(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।